

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date:27-09-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Agriculture-Governor :**

পরিবেশগত ভারসাম্যের ক্ষতি না করে, আধুনিক প্রযুক্তির মাধ্যমে আরও বেশি পরিমাণে ফসল উৎপাদনের কৌশল অবলম্বনের উপর গুরুত্ব আরোপ করেছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিউ নাল্লু। গতকাল লেঙ্গুছড়ায় কৃষি মহাবিদ্যালয়ে জলবায়ু সহনশীল স্থিতিস্থাপক কৃষি ব্যবস্থায় আধুনিক ও অভিনব প্রযুক্তি ও গাছের স্বাস্থ্য বিষয়ক জাতীয় পর্যায়ে এক সম্মেলনের উদ্বোধন করে রাজ্যপাল একথা বলেন। তিনি উদ্ভাবিত কৃষি ও চাষ পদ্ধতির সুফল গ্রামীণ স্তরে পৌঁছে দিতে কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলোর সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রাখার জন্য কৃষিবিদদের পরামর্শ দেন। অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত বিশিষ্ট কৃষিবিদ ও কৃষিগবেষকদের পুরস্কৃত করা হয়।

\*\*\*\*\*

**ন্যূনতম মজুরির হার:**

কেন্দ্রীয় সরকার পরিবর্তনশীল মহার্ঘ ভাতা সংশোধন করে ন্যূনতম মজুরির হার বৃদ্ধির ঘোষণা করেছে। নতুন মজুরির এই হার ১লা অক্টোবর থেকে কার্যকর হবে। ন্যূনতম মজুরির হারগুলি দক্ষতার স্তরের উপর ভিত্তি করে শ্রেণীবদ্ধ করা হয়-অদক্ষ, আধা-দক্ষ, দক্ষ এবং উচ্চ দক্ষ এবং সেইসাথে ভৌগলিক এলাকা A, B, এবং C মাধ্যমে সংশোধনের পর, 'A' এলাকার শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি হার নির্মাণ, ঝাড়ু, পরিষ্কার এবং অদক্ষ কাজের জন্য লোডিং এবং আনলোডিং-এ প্রতিদিন 783 টাকা হবে। আধা-দক্ষ শ্রমিকদের জন্য, ন্যূনতম মজুরি হবে প্রতিদিন 868 টাকা, এবং

দক্ষ, কেরানি, এবং ওয়াচ অ্যান্ড ওয়ার্ডের (অস্ত্র ছাড়া) ন্যূনতম মজুরি হবে 954 টাকা। অত্যন্ত দক্ষ শ্রমিক এবং ওয়াচ অ্যান্ড ওয়ার্ড (অস্ত্র সহ) জন্য সংশোধিত মজুরি হবে প্রতিদিন 1,035 টাকা।

\*\*\*\*\*

**Justice T Amarnath Goud :**

ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌর বলেছেন ত্রিপুরায় বন্যার মধ্যে যেভাবে আইনি স্বেচ্ছাসেবকরা কাজ করেছেন তা দেশে নজির সৃষ্টি করেছে। গতকাল আগরতলায় রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের কনফারেন্স হলে আয়োজিত আইনি স্বেচ্ছাসেবকদের সংবর্ধনা অনুষ্ঠানে বিচারপতি শ্রী গৌর আরো বলেন, বন্যা কবলিত মানুষদের উদ্ধারের পাশাপাশি আইন সেবা কর্তৃপক্ষ তাদের হারিয়ে যাওয়া প্রয়োজনীয় নথী বের করতে সাহায্য করছেন। শুধুমাত্র গোমতী জেলায় ২১১টি পরিবারকে নানাভাবে সহযোগিতা করেছেন আইনি স্বেচ্ছা সেবকরা। অনুষ্ঠানে ১৬ জন আইনি স্বেচ্ছা সেবককে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানের আইনসেবা কর্তৃপক্ষের কার্যকলাপ নিয়ে একটি তথ্যচিত্র দেখানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার জেলা বিচারক শুভাশিস শর্মা রায়, আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী প্রমুখ।

\*\*\*\*\*

**Protest Rally at Barpathari :**

বাংলাদেশ সংখ্যালঘু অংশের মানুষদের উপর হামলার প্রতিবাদে এবং কৈবল্যধামের মহন্ত মহারাজ কালীপদ ভট্টাচার্যের উপর আক্রমণের প্রতিবাদে গতকাল বিলোনিয়া মহকুমার বড়পাথরীর রামঠাকুর আশ্রম কমিটির উদ্যোগে এক বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলটি এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে রামঠাকুর আশ্রমে গিয়ে শেষ হয়।

\*\*\*\*\*

### **Awareness through puppet show :**

পুতুল নাচের মাধ্যমে আইনি সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিল পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষ। পিএলভি রাজীব কুমার পাল জানান, গতকাল জিরানিয়া এবং মোহনপুর বাজারে পুতুল নাচের দুটি অনুষ্ঠান হয়েছে। পুতুল নাচের মাধ্যমে কারা কারা বিনামূল্যে আইনি সহায়তা পাবেন তা জানানো হয়েছে। এই ধরনের উদ্যোগ আরও হবে বলে তিনি জানান।

\*\*\*\*\*

### **প্রেস বিজ্ঞপ্তি:**

ওয়ার্ল্ড হার্ট ডে উপলক্ষ্যে আগরতলা প্রেস ক্লাব ও চেন্নাই মেডিকেল হেলথকেয়ারের যৌথ উদ্যোগে আগামীকাল আগরতলা প্রেস ক্লাবে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে দশটা থেকে আগরতলা প্রেসক্লাবে এই শিবির শুরু হবে। সাংবাদিক এবং তাদের পরিবারের সদস্যদের এই শিবিরে চিকিৎসার সুযোগ নেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

\*\*\*\*\*

### **ফুটবল:**

চন্দ্র স্মৃতি ঘরোয়া লিগ ফুটবল প্রতিযোগিতার লিগ পর্যায়ের শেষ দুটি খেলা আজ অনুষ্ঠিত হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে এগিয়ে চল সংঘ বনাম ব্লাড মাউথ ক্লাব এবং লালবাহদুর ব্যায়ামাগার বনাম টাউন ক্লাব পরস্পরের মুখোমুখি হবে।

\*\*\*\*\*

### **Swarchata Abhiyan-Baikhora :**

পক্ষকালব্যাপী স্বচ্ছতা অভিযান কর্মসূচিতে অংশ নিয়ে বাইখোড়া দ্বাদশ স্কুলের জাতীয় সেবা প্রকল্প ইউনিটের স্বেচ্ছাসেবীরা গতকাল স্বচ্ছতা অভিযানে অংশ গ্রহণ করে। স্বেচ্ছাসেবীরা বাইখোড়া

বাজার ও মহামুনি বৌদ্ধ মন্দির চত্বর পর্যন্ত সাফাই করেন।  
স্কুলের এনএসএস ইউনিটের পক্ষ থেকে এখবর জানানো হয় ।

\*\*\*\*\*

## টিএফএ:

ফুটবল মাঠের পরিস্থিতি কোন ভাবেই কলুষিত করতে দেয়া হবে না। সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে হবে। না হলে ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন কঠোর ব্যবস্থা গ্রহন করবে। গতকাল এক সাংবাদিক সম্মেলনে টিএফএ'র পক্ষ থেকে এই সতর্কবার্তা দেয়া হয়েছে। সম্প্রতি মাঠে কিছু অপ্রীতিকর ঘটনার পরিপ্রেক্ষিতে ক্লাব ও সমর্থকদের প্রতি এই বার্তা দেয়া হয়। সাংবাদিক সম্মেলনে আরো জানানো হয় ক্রীড়া প্রেমী জনগণ এখন যথেষ্ট মাঠমুখী। নৈশালোকে খেলা, মাঠের পরিকাঠামোর বিস্তর উন্নতি, প্রচুরসংখ্যক ফুটবলারকে মাঠে আনার মধ্য দিয়ে টিএফএ ফুটবলের মান উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে ইতিবাচক ভূমিকা তৈরি করেছে। তাই এই ইতিবাচক পরিবেশ বজায় রাখতে আগামীদিনে টিএফএ আরও সচেতন দৃষ্টি দেবে। সাংবাদিক সম্মেলনে টিএফএ সভাপতি প্রণব সরকার ও সম্পাদক অমিত চৌধুরী সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে কিছু কিছু জায়গায় আকাশ সাধারণত মেঘলা থাকবে। কোনো কোনো স্থানে বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে । আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৭ ডিগ্রি সেলসিয়াস ।

\*\*\*\*\*

\*\*\*\*\*